

কুমিল্লা বোর্ডের পরীক্ষার তুলনামূলক ফলাফল

## এসএসসি'র মেধা তালিকায় অনেকেই এইচএসসি'র মেধা তালিকায় নেই

।। নূরুল রহমান ।।

কুমিল্লা বোর্ডের '৯২ সালের এসএসসি পরীক্ষায় মেধা তালিকায় স্থান অর্জনকারীরা ২ বছর পর ১৯৯৪ সালের এইচএসসি মেধা তালিকায় ভাল করতে পারেনি। এসএসসি'র সাধারণ বিজ্ঞান ও সমাজ বিজ্ঞান বিভাগে ৫৮ জন মেধা তালিকায় স্থান পেয়েছিল। এইচএসসিতে এদের মাত্র ১৯ জন মেধা তালিকায় স্থান পেয়েছে। এর মধ্যে ৭ জন মেধা তালিকায় এসএসসি'র চেয়ে ভাল করেছে। অন্যদের অবনতি হয়েছে। একজনের স্থান অপরিবর্তিত রয়েছে। ৩৯ জন কোন স্থান অর্জন করতে পারেনি।

১৯৯৪ সালের এসএসসি পরীক্ষায় প্রথম নৈর্বাঙ্কিক প্রশ্ন চাশু হয় এবং উত্তরপত্র যাচাইয়ে কম্পিউটার প্রযুক্তি ব্যবহার করা হয়।

এসএসসিতে সাধারণ বিজ্ঞান বিভাগে মেধা তালিকায় প্রথম স্থান অর্জনকারী কুমিল্লা ক্যাডেট কলেজের ছাত্র মোঃ

আরিফুল্লাহমান এইচএসসিতে পঞ্চম স্থান পেয়েছে। একইভাবে চতুর্থ স্থান অধিকারী সিলেট ক্যাডেট কলেজের সঞ্জয় কাজি দাস এইচএসসিতে ৬ষ্ঠ, পঞ্চম স্থান অর্জনকারী কুমিল্লা ক্যাডেট কলেজের মোহাম্মদ শাহ আলম এইচএসসিতে যুগ্মভাবে ১৩তম, ১০ম স্থান অধিকারী কুমিল্লা ক্যাডেট কলেজের মুহাম্মদ তৌহিদুল ইসলাম ১২তম এবং ১৬তম স্থান অর্জনকারী কুমিল্লা জেলা স্কুলের মোঃ আজিজুর রহমান এইচএসসিতে ঢাকা বোর্ডে যুগ্মভাবে ২০তম স্থান অর্জন করেছে।

সাধারণ বিজ্ঞান বিভাগে এসএসসিতে সপ্তম স্থান অধিকারী কুমিল্লা ক্যাডেট কলেজের জুয়েগ মোহাম্মদ গোলাম কিবরিয়া এইচএসসিতে দ্বিতীয় হয়েছে। একই কলেজের শামস মোহাম্মদ মামুন দশম স্থান থেকে এইচএসসিতে ৮ম স্থান অর্জন করেছে। এসএসসিতে ১৪তম স্থান

কুমিল্লা বোর্ড : পৃঃ ৬ কঃ ৪

কুমিল্লা বোর্ড : মেধা তালিকার তুলনা

( ১ম পৃষ্ঠার পর )

অর্জনকারী চট্টগ্রাম কলেজিয়েট স্কুলের শোয়েব মাহমুদ খান এইচএসসিতে দশম, ১৭তম স্থান অর্জনকারী কুমিল্লা ক্যাডেট কলেজের মোহাম্মদ মাজহারুল ইসলাম যুগ্মভাবে অষ্টম এবং এসএসসিতে ২০তম স্থান অর্জনকারী কুমিল্লা জেলা স্কুলের আবদুল্লাহ আল মাহমুদ এইচএসসির বাণিজ্য বিভাগের মেধা তালিকায় যুগ্মভাবে ১৫তম হয়েছে। এসএসসিতে ১১তম স্থান অধিকারী জকিগঞ্জ সরকারি উচ্চ বিদ্যালয়ের তানবীর আহমদ ঢাকা বোর্ডে এইচএসসিতেও ১১তম স্থান অধিকার করেছে।

এসএসসি'র সমাজ বিজ্ঞান বিভাগে প্রথম স্থান অধিকারী কুমিল্লা ক্যাডেট কলেজের রাহাত বিন জামান এইচএসসিতে ১৬তম হয়েছে। এসএসসিতে চতুর্থ সরাইল পাইলট বালিকা উচ্চ বিদ্যালয়ের রুমা চক্রবর্তী এইচএসসিতে ঢাকা বোর্ড থেকে ১৬তম, পঞ্চম স্থান অধিকারী কুমিল্লা ক্যাডেট কলেজের ওসামা শফিক মিনহাজ খান বঠ এবং দশম স্থান অধিকারী চট্টগ্রামের বাংলাদেশ মহিলা সমিতি বালিকা উচ্চ বিদ্যালয়ের ইশরাত সুলতানা নাপা এইচএসসিতে ১৮তম হয়েছে। এই বিভাগে এসএসসিতে দ্বিতীয় স্থান অধিকারী কুমিল্লা ক্যাডেট কলেজের এসএম মহিবুল হাসান এইচএসসিতে প্রথম হয়েছে। ১২তম স্থান অধিকারী চট্টগ্রামের কদম মোবারক সিটি করপোরেশন উচ্চ বিদ্যালয়ের সুবীর কাজি দাস এইচএসসিতে চতুর্থ হয়েছে।

১৮টি কলেজ থেকে

কেউ পাস করেনি

কুমিল্লা বোর্ডের ১৯৯৪ সালের এইচএসসি পরীক্ষায় ১৮টি কলেজ থেকে কেউ পাস করেনি।

বিজ্ঞান বিভাগে সিলেটের মমিন উদ্দিন আদবাসা মহিলা কলেজ থেকে ১৭ জন, চট্টগ্রাম ফতেহাবাদ কলেজ থেকে বিজ্ঞান বিভাগে ৮ জন ও বাণিজ্য বিভাগে ৭ জন, নোয়াখালীর কবিরহাট সরকারি কলেজ থেকে বিজ্ঞান বিভাগে ৮ জন, নোয়াখালীর হাতিয়া কলেজ থেকে বিজ্ঞান বিভাগে ৬ জন ও বাণিজ্য বিভাগে ১৩ জন, ব্রাহ্মণ-বাড়িয়ার আলীমুদ্দিন যোবায়দা কলেজ থেকে বিজ্ঞানে ৩ জন এবং বাণিজ্যে ৪ জন, নোয়াখালীর চাটখিল ফেনসুগঞ্জ সরকারি কলেজ থেকে বিজ্ঞানে ১ জন, চাঁদপুরের মতলব ডিগ্রি কলেজ থেকে বিজ্ঞানে ১ জন, কুমিল্লার চৌদ্দগ্রাম সরকারি কলেজ থেকে বিজ্ঞানে ৬ জন, সিলেটের মোঃ মাকন মহিলা কলেজ থেকে মানবিকে ১১ জন, চট্টগ্রামের আশেকান আউলিয়া কলেজ থেকে মানবিকে ২১ জন ও বাণিজ্যে ৫ জন, কক্সবাজারের ইদগা ফরিদ আহমেদ কলেজ থেকে মানবিকে ২ জন, লক্ষীপুরের মানিকার হাট কলেজ থেকে মানবিকে ১৮ জন ও বাণিজ্য বিভাগে ৮ জন, নোয়াখালী নৈশ কলেজ থেকে মানবিকে ৫ জন, সিলেটের বিয়ানীবাজারের সৈয়দ নাবিবী আলী কলেজ থেকে বাণিজ্যে ১ জন, মৌলবীবাজারের রাজনগর কলেজ থেকে বাণিজ্য বিভাগে ১০ জন, জৈন্তাপুর কলেজ থেকে বাণিজ্য বিভাগে ১১ জন, চট্টগ্রাম পাথরঘাটা মহিলা কলেজ থেকে বাণিজ্য বিভাগে ৫ জন পরীক্ষায় অংশ নেয়। এদের মধ্যে কেউ পাস করতে পারেনি।